আমরা জনগণের পক্ষে
বাংলা

ঢাকা বিশ্ববিদ্যালয়
ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদ
প্রযুক্তি ইউনিট
ঢাকা বিশ্ববিদ্যালয় অধিভুক্ত ইঞ্জিনিয়ারিং কলেজ/ইনস্টিটিউটসমূহে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে আন্ডারগ্র্যাজুয়েট ইঞ্জিনিয়ারিং প্রোগ্রাম-এ

ভর্তি বিজ্ঞপ্তি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদের তত্ত্বাবধানে পরিচালিত সরকারি ইঞ্জিনিয়ারিং কলেজসমূহে (ময়মনসিংহ ইঞ্জিনিয়ারিং কলেজ, ময়মনসিংহ; ফরিদপুর ইঞ্জিনিয়ারিং কলেজ, ফরিদপুর ও বরিশাল ইঞ্জিনিয়ারিং কলেজ, বরিশাল) এবং বেসরকারি ইঞ্জিনিয়ারিং ইনস্টিটিউট/কলেজসমূহে (ন্যাশনাল ইনস্টিটিউট অব টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং এন্ড রিসার্চ (নিটার), সাভার, ঢাকা; শ্যামলী টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, মোহাম্মদপুর, ঢাকা; কে এম হুমায়ুন কবীর ইঞ্জিনিয়ারিং কলেজ, ময়মনসিংহ এবং সাইক ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট এন্ড টেকনোলজি, মিরপুর, ঢাকা) ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রাম-এ ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং, সিভিল ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং, টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং, ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং, ফ্যাশন ডিজাইন এন্ড অ্যাপারেল ইঞ্জিনিয়ারিং এবং মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং-এ ভর্তির জন্য প্রার্থীদের নিকট হতে অনলাইনের মাধ্যমে (https://collegeadmission.eis.du.ac.bd) দরখাস্ত আহ্বান করা হচ্ছে। **০৬/০১/২০২৫ হতে ১২/০২/২০২৫ তারিখ রাত ১১:৫৯ মিনিট পর্যন্ত অনলাইনে আবেদন করা এবং ফি ৮৫০/- (আটশত পঞ্চাশ টাকা) জমা দেওয়া যাবে।** ভর্তি ইচ্ছুক প্রার্থীকে ২০১৯ সাল থেকে ২০২২ সাল পর্যন্ত মাধ্যমিক বা সমমান এবং ২০২৪ সালে বাংলাদেশের যেকোনো শিক্ষা বোর্ডের/উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান/কৃষিবিজ্ঞান শাখায় উচ্চ মাধ্যমিক অথবা মাদ্রাসা বোর্ডের বিজ্ঞান শাখায় আলিম অথবা বিজ্ঞান শাখায় IGCSE/O-Level এবং IAL/GCE/A-Level বা সমমানের বিদেশী ডিগ্রিধারী হতে হবে। IGCSE/O-Level এবং IAL/GCE/A-Level বা বিদেশী ডিগ্রীধারীদেরকে উপরোক্ত লিংক ব্যবহার করে অনলাইনে নির্ধারিত ফি জমা দিয়ে সমতা নিরূপন সনদের জন্য আবেদন করতে হবে। সমতা নিরূপনের পর প্রাপ্ত এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান রোল নম্বর ব্যবহার করে সাধারণ আবেদনকারীদের মতো তারা একই ওয়েবসাইটে লগইন করে ভর্তি পরীক্ষার জন্য আবেদন করতে পারবে। প্রার্থীর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমমানের গ্রেডভিত্তিক পরীক্ষায় পৃথকভাবে ৪র্থ বিষয়সহ ন্যূনতম ৩.০০ জিপিএসহ প্রাপ্ত জিপিএ-দ্বয়ের যোগফল ন্যূনতম ৬.৫০ হতে হবে। তবে, প্রার্থীর উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় পদার্থ, রসায়ন, ও গণিত বিষয় থাকতে হবে।

ভর্তি পরীক্ষা আগামী ২৬ এপ্রিল ২০২৫ তারিখ রোজ শনিবার সকাল ১১:০০ টা থেকে দুপুর ১২:৩০ মিনিট পর্যন্ত শুধুমাত্র ঢাকায় অনুষ্ঠিত হবে। ভর্তি পরীক্ষা এমসিকিউ (MCQ) পদ্ধতিতে মোট ১২০টি প্রশ্নের জন্য মোট ১২০ নম্বর (পদার্থ-৩৫, রসায়ন-৩৫, গণিত-৩৫, এবং ইংরেজি-১৫) থাকবে। ভর্তি পরীক্ষার সাধারণ নিয়মাবলী ও নির্দেশিকা উপরে উল্লিখিত লিংক-এ পাওয়া যাবে।

অধ্যাপক ড. উপমা কবির
ডিন (ভারপ্রাপ্ত)
ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদ
এবং
কোঅর্ডিনেটর, প্রযুক্তি ইউনিট ভর্তি পরীক্ষা ২০২৪-২০২৫
ঢাকা বিশ্ববিদ্যালয়

জি-১১/২৫ (৮″x৩)

এবং
কোঅর্ডিনেটর, প্রযুক্তি ইউনিট ভর্তি পরীক্ষা ২০২৪-২০২৫
ঢাকা বিশ্ববিদ্যালয়
জি-১১/২৫ (৮″x৩)